একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিস
নবাবগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং- ৩১.০২.২৭৬৯.০০০.০১.০৪৪.২১- ৪৪৬ (৫০) তারিখঃ ০৬/০৩/২০২১ খ্রিঃ।

**"১৪২৮-১৪৩০ বাংলা সনের জলমহালের সংশোধিত ইজারা বিজ্ঞপ্তি"**

একমাত্র প্রকৃত নিবন্ধনকৃত যুব সমিতি, মৎসজীবী সমিতি, আনসার ভিডিপি সমিতি, মুক্তিযোদ্ধা সংগঠন, বিধবা ও স্বামী পরিত্যাক্তা সংগঠন, দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তির সংগঠন/সমিতির নিকট হতে নবাবগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের নিম্ন বর্ণিত বদ্ধ খাস জলমহাল (২০ একর পর্যন্ত) "জলমহাল নীতিমালা -২০০৯ ও ২০১২" এর শর্ত সাপেক্ষে বাংলা ১৪২৮ হতে ১৪৩০ সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে পৃথক পৃথক সীলমোহরকৃত খামে আবেদনপত্র/দরপত্র আহবান করা যাচ্ছে। আবেদন ফরম অফিস চলাকালীন নগদ ৫০০/- (পাঁচশত) টাকা জমা প্রদান সাপেক্ষে (১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবাবগঞ্জ, দিনাজপুর, (২) উপজেলা ভূমি অফিস, নবাবগঞ্জ, দিনাজপুর এবং (৩) উপজেলা মৎস্য অফিস, নবাবগঞ্জ, দিনাজপুর হতে সংগ্রহ করা যাবে। আবেদনপত্র সমূহ নিম্নোক্ত সময় সূচি অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, নবাবগঞ্জ, দিনাজপুর এ রক্ষিত আবেদন/দরপত্র বাক্সে গ্রহণ করা হবে। আবেদনপত্র সমূহ দাখিলকারীদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) নির্ধারিত সময় সূচি মোতাবেক খোলা হবে। উল্লেখ্য, ১ম পর্যায়ের যে সমস্ত পুকুর/জলমহাল ইজারা/লীজ প্রদান করা হবে ২য় পর্যায়ে ঐ সমস্ত পুকুরের আবেদন/দরপত্র বিক্রয় করা হবে না। এ প্রক্রিয়া ৩য় পর্যায় পর্যন্ত অব্যাহত থাকবে এবং জলমহাল সমূহের তালিকা নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় www.nawabganj.dinajpur.gov.bd এবং nawabganj.acland.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

**দরপত্র বিক্রয়, গ্রহণ ও খোলার সময় সূচিঃ**

| পর্যায় | দরপত্র ক্রয়ের তারিখ ও সময় | দরপত্র (সিডিউল) দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| প্রথম | ০৪/০৩/২০২১ খ্রিঃ তারিখ হতে ১৪/০৩/২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ হতে বিকাল ৫.০০ পর্যন্ত। | ১৫/০৩/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ – দুপুর ১.০০ পর্যন্ত। | ১৫/০৩/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকা |
| দ্বিতীয় | ১৬/০৩/২০২১ খ্রিঃ তারিখ হতে ২২/০৩/২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ হতে বিকাল ৫.০০ পর্যন্ত। | ২৩/০৩/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ – দুপুর ১.০০ পর্যন্ত। | ২৩/০৩/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকা |
| তৃতীয় | ২৪/০৩/২০২১ খ্রিঃ তারিখ হতে ৩০/০৩/২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯.০০ হতে বিকাল ৫.০০ পর্যন্ত। | ৩১/০৩/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ – দুপুর ১.০০ পর্যন্ত। | ৩১/০৩/২০২১ খ্রিঃ তারিখ বিকাল ৩.০০ ঘটিকা |

০৬/০৩/২১
(মোছাঃ নাজমুন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নবাবগঞ্জ, দিনাজপুর।

Scanned with CamScanner

# বাংলা ১৪২৮-৩০ সনের সংশোধিত ইজারা যোগ্য পুকুরের তালিকা

গোলাপগঞ্জ ইউনিয়ন

| ক্রমিক নং | মৌজার নাম | দাগ নং | পরিমান | পুকুরের স্থানীয় নাম | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|
| ০১ | শওগুন খোলা | ১০১২ | ০.৪৮ একর | তালতলা পুকুর | ৫,২৫০/- |
| ০২ | শওগুন খোলা | ৮০ | ০.৪৪ একর | পাটাজাগী | ৫,৩৫৫/- |
| ০৩ | মালিপাড়া | ১২৬৯ | ২.১৫ একর | কলাবাগান/বড়পুকুর | ১,৮৮,৭৫০/- |
| ০৪ | শিলা | ২৫৯ | ০.২৯ একর | ভেরচেরী | ১৬,২৫০/- |
| ০৫ | মালিপাড়া | ১১৮১ | ১.১৪ একর | ছোট তালতলা | ১,৯৪,২৫০/- |
| ০৬ | জগন্নাথপুর | ১৪৩ | ০.৩৫ একর | জলকুকুরী | ৩,৭০০/- |

শালখুরিয়া

| ক্রমিক নং | মৌজার নাম | দাগ নং | পরিমান | পুকুরের স্থানীয় নাম | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|
| ০৭ | সোতারপাড়া | ২৪১ | ০.১৯ একর | ... | ২,১০০/- |
| ০৮ | দলা | ১৮৮ | ০.২৪ একর | ... | ১,৫০০/- |
| ০৯ | তিথুর | ২৬৩ | ১.৩০ একর | নওপুকুর | ১৫,৭৫০/- |
| ১০ | বেড়ামালিয়া | ৪০৯ | ০.৩৬ একর | পুণার বিল | ৪,৭১৫/- |
| ১১ | তিথুর | ১৫৩ | ০.৭৬ একর | মাগুরগাড়ী | ১৬,২৭৫/- |
| ১২ | দলা | ১২৪ | ০.২১ একর | পোয়াতিপুকুর | ২,১০০/- |
| ১৩ | সেতার পাড়া | ৩৬৯ | ০.২৬ একর | গাবের বিল | ২,৭০০/- |

মাহমুদপুর

| ক্রমিক নং | মৌজার নাম | দাগ নং | পরিমান | পুকুরের স্থানীয় নাম | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|
| ১৪ | পদুমহার | ৩২০ | ২.৭৭ একর | কুয়ার বিল | ১৪,০০০/- |
| ১৫ | আউদগাড়ী | ২৫ | ১.৯৪ একর | গড়ারদিঘী | ১০,৫০০/- |
| ১৬ | আউদগাড়ী | ৩৮০ | ১.৩১ একর | লালদিঘী/আউদগাড়ী পুকুর | ১৫,৭৫০/- |
| ১৭ | ভেবটগাড়ী | ১ | ১.৩৭ একর | নলডাহার | ৩১,০২৫/- |
| ১৮ | ভেবটগাড়ী | ১৬৬ | ১.৫৯ একর | নাটাগাড়ী/ কলিকুমোর | ৫,৪০০/- |
| ১৯ | করিমপুর | ৬৭ | ১.৮৯ একর | ঝিলের বিল | ২৬,৭৭৫/- |
| ২০ | উত্তর জামালপুর | ৪৭ | ০.৪০ একর | উঃ জামালপুর পুকুর | ১,৬৫০/- |
| ২১ | হরিনাথপুর | ২৩২ | ০.৯২ একর | টুপ বিল | ১৬,২৫০/- |
| ২২ | কড়াইবাড়ী | ৬২১ | ৩.০০ একর | শ্মশান পুকুর | ১৮,৯০০/- |
| ২৩ | কড়াইবাড়ী | ৬২১ | ৩.০০ একর | আশ্রায়ন পুকুর | ১৮,৯০০/- |
| ২৪ | আজমপুর | ১৩১৭/১৪০০ | ১.৩৬ একর | আজমপুর বিল | ১৬,৩০০/- |
| ২৫ | কুবেরপাড়া | ৯১১ | ৪.৩২ একর | নামার বিল | ১৬,৫০০/- |
| ২৬ | উত্তর জামালপুর | ২৫ | ০.৬৬ একর | কাশাগাড়ী পুকুর | ৭,০০০/- |
| ২৭ | বেড়াডাঙ্গা | ১৪২ | ৩.৩২ একর | মানুষ ফেলা দিঘী | ২৪,৩০০/- |

পটিমারা

| ক্রমিক নং | মৌজার নাম | দাগ নং | পরিমান | পুকুরের স্থানীয় নাম | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|
| ২৮ | দক্ষিণ শামপুর | ২৭ | ০.৩৭ একর | দক্ষিণ শামপুর পুকুর | ৩,৭৫০/- |

ভাদুরিয়া

| ক্রমিক নং | মৌজার নাম | দাগ নং | পরিমান | পুকুরের স্থানীয় নাম | সরকারি মূল্য |
|---|---|---|---|---|---|
| ২৯ | ভাদুরিয়া | ৪১৮ | ৩.৯৭ একর | দামুয়ার বিল | ১,৩৬,২৫০/- |
| ৩০ | ভাদুরিয়া | ২১৩৫ | ০.৯১ একর | লাঠিদামের বিল | ১৭,৮৫০/- |
| ৩১ | ভাদুরিয়া | ৭৯৮ | ২.৭৩ একর | উবারের বিল | ১,৩৬,২৫০/- |

মোছা: নাজমুন নাহার
[illegible]

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩২। | ভাদুরিয়া | ৪৬১ | ০.১৬ একর | চৌবাচার ডোবা | ১,৩০০/- |
| ৩৩। | শান্তিমুরাদপুর | ৪০৯/৫০৯ | ০.৯২ একর | মহিশদিঘী | ১,১১,৮১৫/- |
| ৩৪। | নয়ানিজামিরা | ১০৯ | ০.২৪ একর | নাওয়ার বিল | ৩,১০০/- |
| ৩৫। | নয়ানিজামিরা | ৫২ | ১.৭৬ একর | খাস পুকুর-০১ | ২৬,২৫০/- |
| ৩৬। | ভাদুরিয়া | ৭৬৬ | ০.৩৩ একর | পুরান দিঘী | ২,০০০/- |
| ৩৭। | ভাদুরিয়া | ৭৭২ | ০.৬৪ একর | আগুনবান | ৭০,০০০/- |
| ৩৮। | ভাদুরিয়া | ৫০২ | ০.৩৮ একর | শোলাকুড়ি | ৩,৯০০/- |
| ৩৯। | শান্তিমুরাদপুর | ৮৬ | ২.৮২ একর | বুইয়ের বিল (স্থগিত) | ৪২,০০০/- |

দাউদপুর

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪০। | বল্লভপুর | ৩০ | ৩.১৩ একর | শিলমনি | ২,১৫,২৫০/- |
| ৪১। | ঘোড়াবন্দাড়া | ১৪২ | ৩.৩২ | কুমারগাড়ী | ৬৯,৩০০/- |
| ৪২। | পুর বৈদ্যাহার | ৬৩৮ | ০.৭৮ | শামালকুড়া | ১৩,১২৫/- |
| ৪৩। | ধরন্জি | ৩০২ | ০.১৬ একর | ধরন্জি খাস পুকুর(১) | ১,৭০০/- |
| ৪৪। | ধরন্জি | ১২৪৪ | ০.০৬ একর | ধরন্জি খাস পুকুর(২) | ৬০০/- |
| ৪৫। | ধরন্জি | ১২৪৭ | ০.১০ একর | ধরন্জি খাস পুকুর(৩) | ১,২৬০/- |
| ৪৬। | ধরন্জি | ৩০৯ | ০.৬৩ একর | নাউয়ার বিল | ৬,৯০০/- |
| ৪৭। | ধরন্জি | ৩৫০ | ০.২১ একর | বাঘধোয়ার বিল | ২,১০০/- |
| ৪৮। | সিরাজ | ১০২৪ | ১.৬৫ একর | টেবরী মচ্চর | ৮,৫০০/- |
| ৪৯। | ধরঞ্জী | ২৮৩ | ০.২৪ একর | গনপুরার বিল | ১,৩০০/- |

জয়পুর

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫০। | মঞ্জুপাড়া | ৯৩২ | ০.৯৩ একর | মঞ্জুপাড়া পুকুর | ৯১,৩৫০/- |

কুশদহ

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৫১। | রহিমাপুর | ৩১৭৬ | ৯.৭৮ একর | ছোট মরলাই বিল | ১,০৫,০০০/- |
| ৫২। | কুশদহ | ২৪৮ | ১.৯৪ একর | কুশদহ বিল | ২১,০০০/- |
| ৫৩। | কুশদহ | ২৯৫ | ২.৩৭ একর | বরলের বিল উত্তর | ২৪,০০০/- |
| ৫৪। | কুশদহ | ১৪৬১ | ১.৭৬ একর | বিল | ২৩,৭০০/- |
| ৫৫। | কুশদহ | ৩১১ | ৩.৭৩ একর | ভারাদহ বিল | ৩৭,৩৫০/- |
| ৫৬। | দেবীপুর | ৩৫৬ | ০.৭৭ একর | বিল | ৭,০৫০/- |
| ৫৭। | দেবীপুর | ৪৬২ | ০.২০ একর | বিল | ২,০১০/- |
| ৫৮। | কুশদহ | ৫২৭ | ৬.৭৮ একর | বরালের বিল | ৬৭,৮০০/- |
| ৫৯। | কুশদহ | ২৭৩/৭৩৮ | ১.৮৩ একর | কাজলীদহ বিল | ২০,০০০/- |

বিঃ দ্রঃ ৩৯ নং ক্রমিকের শান্তিমুরাদপুর মৌজার ৮৬ দাগের ২.৮২ একর বুইয়ের বিল নামক জলমহালটি নিয়ে দিনাজপুর বিজ্ঞ যুগ্ম জেলা জজ আদালত ০৩ দিনাজপুরে ১৬/১৬ অন্য নং মোকোদ্দমা চলমান রয়েছে। উক্ত মোকদ্দমার সর্বশেষ আদেশ মোতাবেক ৩১/০৩/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত স্থিতিবস্থা বজায় থাকায় জলমহালটির ইজারা কার্যক্রম স্থগিত রাখা হলো।

০১/০৩/২১

(মোছাঃ নাজমুন নাহার)
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
নবাবগঞ্জ, দিনাজপুর।

Scanned with CamScanner

শর্তাবলী:

১। সকল সরকারী খাস বদ্ধ জলমহাল ০৩ (তিন) বছর মেয়াদে অস্থায়ীভাবে ইজারা প্রদান করা হবে।

২। প্রকৃত মৎসজীবী সমিতি, যুব সমিতি, আনসার ভিডিপি সমিতি, মুক্তিযোদ্ধা সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তরে বা সমাজ সেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে ইজারায় অংশ গ্রহণ করতে পারবে।

৩। জলমহালের তীরবর্তী বা নিকটবর্তী যুব সমিতি, মৎসজীবী সমবায় সমিতি/আনসার ভিডিপি ও মুক্তিযোদ্ধা সংগঠন/সমিতিকে অগ্রাধিকার দেয়া হবে।

৪। কোন ব্যক্তি বা কোন অনিবন্ধিত সমিতি জলমহাল ইজারার জন্য আবেদন করতে পারবেন না।

৫। আবেদনকারী মৎসজীবী সমিতি, যুব সমিতি, আনসার ভিডিপি সমিতি, মুক্তিযোদ্ধা সংগঠন/সমিতি মৎসজীবী সংগঠন/ সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা বা উপজেলা সমবায়/সমাজ সেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

৬। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎসজীবী সমিতি, যুব সমিতি, আনসার ভিডিপি সমিতি, মুক্তিযোদ্ধা সংগঠন, বিধবা ও স্বামী পরিত্যাক্তা সংগঠন, দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তি সংগঠন/সমিতি, নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে ক্রয়কৃত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।আবেদনপত্রের সাথে প্রকৃত মৎসজীবী সমবায় সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্ট, লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্র সহ প্রয়োজনীয় তথ্য ও আবেদনকারীর সত্যায়িত ছবি ০১ (এক) কপি সংযোজন করতে হবে।এছাড়া সংশ্লিষ্ট মৎসজীবী সমিতি/সংগঠন ০৩ (তিন) বছর মেয়াদি লিজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎসচাষ/ উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনা পরিকল্পনা/রূপকার সংযুক্ত করতে হবে।আবেদন অসম্পূর্ণ থাকলে তা বাতিল যোগ্য হবে।

৭। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর এর অনুকূলে সংশ্লিষ্ট জলমহালের উদ্ধৃত ইজারা মূল্যের ২০% জামানত বাবদ সোনালী/জনতা/রাজশাহী কৃষি ব্যাংক হতে বিডি/পে-অর্ডার আবেদনপত্রের সহিত দাখিল করতে হবে।উক্ত জামানতের অর্থ লিজের মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত সংরক্ষণ করা হবে।

৮। ইজারার জন্য প্রয়োজনীয় সনদপত্রের ফটোকপি সনদ প্রদানকারীর বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

৯। আবেদনপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত পুকুরের ইজারা গ্রহীতাদের অনুকূলে আলাদাভাবে পত্র জারী করা হবে ও অনুমোদিত সমিতির তালিকা এ অফিসের নোটিশ বোর্ডে টাঙানো হবে।সমুদয় ইজারা মূল্য, ইজারা মূল্যের উপর ৫% আয়কর এবং ১৫% ভাট নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে জমা দিতে হবে। উক্ত পত্রে ও নোটিশে নির্ধারিত সময়ের মধ্যে ভাট, আয়কর সহ ইজারা মূল্য পরিশোধ করতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত সহ ইজারা বাতিল করে পুনঃ ইজারা প্রদান করা হবে ।

১০। বেনামে/ভুয়া কোন সমিতি/সংগঠন এর নাম ব্যবহার করে আবেদন করা হলে অথবা তথ্য গোপন করা হলে উক্ত সমিতির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। উপরন্তু উক্ত সমিতির আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলাশয় এর উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। ইজারা মেয়াদ শেষে কোন জলাশয়ের উপর ইজারা গ্রহীতার কোন প্রকার দাবী/অধিকার/স্বত্ব থাকবেনা এবং উক্ত জলাশয়ের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রিয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের উপর ন্যাস্ত হবে।

১২। ইজারার অর্থ আদায়ের পর এবং প্রস্তাবিত ইজারা মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বে ইজারা দাতাকে নিজ উদ্যোগে নির্ধারিত ফরমে (ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল মোতাবেক) ৩০০/- টাকার ননজুডিশিয়াল ষ্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।অন্যথায় জলমহাল দখল হস্তান্তর করা হবে না।

১৩। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস বৃদ্ধি করতে পারবে না। কেহ যাতে অবৈধ অনুপ্রবেশ বা বে-দখল না করতে পারে তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবে

মোছা: মাজমু[illegible]
[illegible]

Scanned with CamScanner

১৪। মৎস্য সংক্রান্ত আইন ইজারা গ্রহীতাকে মেনে চলতে হবে।

১৫। ইজারা গ্রহীতা কোন জলাশয় সাবলীজ দিতে পারবে না। যদি উক্তরূপ কার্যকলাপ পরিলক্ষিত হয় বা প্রমাণিত হয় তবে ইজারা বাতিল করে জলাশয় পুনঃ ইজারা প্রদান করা হবে। এক্ষেত্রে ঐ ইজারা গ্রহীতা/সমিতি ০৩(তিন) বছর আবেদন করতে পারবে না।

১৬। ইজারা গ্রহীতা জলাশয়ের সীমারেখা বজায় রাখবেন। জলাশয়ের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবে না। তিনি নিজ দায়িত্বে ইজারাকৃত জলাশয়ের সরকারী সম্পত্তি সংরক্ষণ করবেন।

১৭। ইজারা গ্রহীতা জলাশয়ের পার্শ্বে বা ভিতরে কোন প্রকার অবকাঠামো নির্মাণ করতে পারবে না।

১৮। ইজারা গ্রহীতাকে ইজারা চলাকালীন সময়ে জারীকৃত সরকারী আদেশ / নির্দেশ মেনে চলতে হবে। ইজারা প্রদানকৃত জলাশয়ের সরকারী ভাবে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে সে ক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে।

১৯। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ জন স্বার্থে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

২০। ইজারা গ্রহীতা উর্দ্ধতন কর্মকর্তা/জলাশয় ব্যবস্থাপনা কমিটির সদস্য ও ক্ষমতা প্রাপ্তক মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শন করতে পারবেন। এতে কোনো ওজর আপত্তি উত্থাপন করতে পারবেন না।

২১। বছরের যেকোন সময়ই ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা ০১ বৈশাখ ১৪২৮ হতে কার্যকর বলে গণ্য হবে।

২২। কোন কারণ দর্শানো ছাড়াই যেকোন আবেদনপত্র বা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষন করেন।

২৩। কোন ক্রমেই কোন যুব মৎস্যজীবী সমবায় সমিতি/মৎস্যজীবী সমিতি/প্রতিষ্ঠান দুটির বেশি জলমহাল ইজারা/বন্দোবস্তের জন্য আবেদন করতে পারবেন না।

২৪। উক্ত বিজ্ঞপ্তি সংশোধন, সংযোজন, পরিবর্ধন/পরিবর্তন এবং বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(মোছাঃ নাজমুন নাহার) ০৫/০৫/২১
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নবাবগঞ্জ, দিনাজপুর।

Scanned with CamScanner

স্মারক নং-৩১.০২.২৭৬৯.০০০.০১.০৪৪.২১-                                                                 তারিখঃ      /০৩/২০২১ খ্রিঃ।

বিতরণ সদয় জ্ঞাতার্থে

১। মাননীয় সংসদ সদস্য-১১, দিনাজপুর-৬।

২। জেলা প্রশাসক, দিনাজপুর।

৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), দিনাজপুর।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর।

৫। উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর।

বিতরণ কার্যার্থে-

১। উপজেলা কৃষি কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুর।

২। উপজেলা মৎস্য কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুর।

৩। অফিসার ইনচার্জ, নবাবগঞ্জ, দিনাজপুর।

৪। উপজেলা সমাজ সেবা অফিসার, নবাবগঞ্জ, দিনাজপুর।

৫। উপজেলা সমবায়/ যুব উন্নয়ন/ মহিলা বিষয়ক কর্মকর্তা, নবাবগঞ্জ, দিনাজপুর।

৬। চেয়ারম্যান ................................... ইউনিয়ন পরিষদ, নবাবগঞ্জ, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি সংশিষ্ট এলাকার হাট-বাজার সহ জনবহুল স্থানে ঢোল সহরত/ মাইক যোগে ব্যাপক প্রচারের জন্য বলা হলো।

৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা............................ইউনিয়ন ভূমি অফিস, নবাবগঞ্জ, দিনাজপুর। তাকে বিজ্ঞপ্তিটি সংশিষ্ট এলাকার হাট-বাজার সহ জন বহুল স্থানে ঢোল সহরত/ মাইক যোগে ব্যাপক প্রচারের জন্য বলা হলো।

৮। সম্পাদক............................................................ । তাকে এক দিনের জন্য বিজ্ঞপ্তিটি স্বল্প পরিসরে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো

৯। জনাব........................................................................................ নবাবগঞ্জ, দিনাজপুর।

(মোছাঃ নাজমুন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
নবাবগঞ্জ, দিনাজপুর।

Scanned with CamScanner